

# মুগাড়ি

## নেত্রকোনায় শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত

নেত্রকোনা প্রতিনিধি

০৩ মার্চ ২০২৪, ২২:১১:৮৭ | অনলাইন সংক্রান্ত



নানা আয়োজনের মধ্য দিয়ে ষষ্ঠ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষ্যে রোববার সকালে অঙ্গীকৃত ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের পর কর্মসূচির উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেফমুবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মো. কামরুল আলম খানকে সঙ্গে নিয়ে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের (শেহাবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম কবির দিনের কর্মসূচির উদ্বোধন করেন। পরে বর্ণাত্য শোভাযাত্রা বের করা হয়।

আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি বশেফমুবিপ্রবির উপাচার্য বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন দুরদর্শী নেতা। বিশ্বজুড়ে এক আলোকিত নাম। তার নেতৃত্বে দুর্বার গতিতে এগিয়ে চলছে লাল-সবুজের বাংলাদেশ।

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম কবির বলেন, এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা দেশে-বিদেশে শিক্ষা-গবেষণা, শিল্প-সাহিত্য, রাজনীতি, গ্রীড়াঙ্গনসহ বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্বের সাক্ষর রাখবেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন রেজিস্ট্রার ড. মোহাম্মদ হারুন-আর-রশিদ। বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার টুম্পা চক্ৰবৰ্তীর সঞ্চালনায় বাংলা বিভাগের আঙুর হোসেন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান হাফসা আকতার, অর্থনীতি বিভাগের শোভন রায়, সিএসই বিভাগের চেয়ারম্যান মালা প্রমুখ বক্তব্য দেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2024

